

২০২০

বাংলা

(বাংলা সাহিত্যের ইতিহাস : আধুনিক যুগ)

পর্ব - ১.২

পূর্ণমান : ৮০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১৫ নম্বরের প্রশ্নের উত্তরের জন্য A4 সাইজের দেড় পাতা
(অনধিক ৩৫০ শব্দ) এবং ৫ নম্বরের প্রশ্নের উত্তরের জন্য A4
সাইজের হাফ পাতা (অনধিক ১৫০ শব্দ) লেখা আবশ্যিক।

[৮টি পাতার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়। প্রতি পাতায় রোল নং
ও পৃষ্ঠা নং লেখা আবশ্যিক।]

প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ১৫×৪=৬০

১। ‘ফোর্ট উইলিয়াম কলেজের গদ্যে Style is the man-এর প্রকার
সুপ্তই রয়ে গেছে, আসলে সেই সব পণ্ডিতদের লক্ষ্য ছিল
একমুখীন’— এই একমুখিনতার দায় কী মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
ও রামরাম বসুর গদ্যেও বর্তায়? তোমার উত্তরের সপক্ষে
যুক্তি দাও।

অথবা

বাংলা গদ্যসাহিত্যের বিকাশে ‘সবুজপত্র’ ও ‘প্রবাসী’ সাহিত্য
পত্রিকা দুটির ভূমিকা লেখো। ১৫

২। বাংলা প্রবন্ধ সাহিত্যের ইতিহাসের ধারায় রামমোহন রায়
‘প্রয়োজনের সঙ্গে শিল্প ধর্ম’- মিশ্রণ করেছেন, তাঁর প্রবন্ধগুলি
উল্লেখ করে বক্তব্যটি প্রতিষ্ঠা করো।

অথবা

রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধ ‘সাবজেকটিভ’ বা আত্মদৃষ্টিমূলক
রচনানীতি— প্রাবন্ধিক রবীন্দ্রনাথ সম্পর্কে এই মন্তব্য তুমি কী
সমর্থন করো?— তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

১৫

৩। ঔপন্যাসিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসগুলির
সম্পর্কে আলোকপাত করে তাঁর রচনার বৈশিষ্ট্য ও অভিনবত্ব
নির্দেশ করো।

অথবা

জগদীশ গুপ্তের ছোটগল্পের সংকলনগুলির নাম উল্লেখ করে
তাঁর গল্পের বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

১৫

৪। ‘কবি যেন এক নিঃসঙ্গ চূড়ায় দাঁড়িয়ে আধুনিক জীবনের নিঃসীম
শূন্যতা নৈরাশ্যভাবাতুর নয়নে অবলোকন করছেন।’—
সুধীন্দ্রনাথ দত্তের কবিপ্রতিভা আলোচনা প্রসঙ্গে মন্তব্যটি ব্যাখ্যা
করো।

অথবা

শঙ্খ ঘোষ ‘আমাদের সময়ের সামাজিক বিবেক’— শঙ্খ ঘোষের
কবিতার বহুমাত্রিকতা আলোচনা প্রসঙ্গে বিষয়টি বিশ্লেষণ করো।

১৫

৫। উনিশ শতকের বাংলা নাট্যসাহিত্যে পৌরাণিক নাট্যকার হিসাবে গিরিশচন্দ্র ঘোষের নিজস্বতা সম্পর্কে আলোচনা করো।

অথবা

বাংলা নাট্য আন্দোলনে গণনাট্যসংঘের ভূমিকা সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো। ১৫

৬। চারটি সংক্ষিপ্ত টীকা লেখো (শব্দসংখ্যা ১৫০): $৫ \times ৪ = ২০$

- ক) বিদ্যাসাগর চরিত অথবা 'কল্লোল' পত্রিকা
- খ) প্রাবন্ধিক প্রমথ চৌধুরী অথবা থার্ড থিয়েটার
- গ) ঔপন্যাসিক রমেশচন্দ্র দত্ত অথবা 'কয়লা কুঠির দেশ'
- ঘ) ছোটগল্পকার রাজশেখর বসু অথবা কবিতা সিংহ